

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮০২

১/ বিবিধ

আরবী

كل بني أنثى، فإن عصبتهم لأبيهم، ما خلا ولد فاطمة فإنني أنا عصبتهم وأنا أبوهم
ضعيف

رواه الطبراني (1 / 258 / 2) : حدثنا محمد بن زكريا الغلابي: حدثنا بشر بن مهران:
حدثنا شريك بن عبد الله عن شبيب بن غرقدة عن المستظل بن حصين عن عمر
مرفوعا.

ثم رواه عن شيبه بن نعامه عن فاطمة بنت حسين عن فاطمة الكبرى مرفوعا. قلت:
والطريق الأول واه بمره: شريك هو القاضي وهو ضعيف. وبشر بن مهران قال ابن
أبي حاتم: "ترك أبي حديثه". وبه أعل المناوي الحديث تبعا للهيثمى. وخفي عليهما
أنه من رواية محمد بن زكريا الغلابي، وهو كذاب. وأما الطريق الثاني: فهو خير من
هذا، فإن شيبه بن نعامه، ضعفه يحيى بن معين و" يروي عن أنس ما لا يشبه حديثه،
وعن غيره من الثقات ما يخالف حديث الأثبات، لا يجوز الاحتجاج به ". ثم تناقض
فأورده في " الثقات " أيضا! والمعتمد أنه ضعيف

والحديث قال الهيثمى (9 / 173) : " رواه الطبراني وأبو يعلى وفيه شيبه بن نعامه لا
يجوز الاحتجاج به

قال المناوي: " وأورده ابن الجوزي في " الأحاديث الواهية " وقال: " لا يصح
فقول المصنف (يعني السيوطي) : " هو حسن " غير حسن

৮০২। ফাতিমাহ (রাঃ)-এর সন্তান ছাড়া প্রত্যেক নারী সন্তানদের আসাবাহ হচ্ছে তাদের পিতার দিকের আত্মীয় স্বজনরা। কারণ আমি তাদের (ফাতিমার সন্তানদের) আসাবাহ (পিতার দিকের আত্মীয়) আর আমিই তাদের পিতা।

হাদীছটি দুর্বল।

এটি তাবারানী (১/২৫৮/২) মুহাম্মাদ ইবনু যাকারিয়া আল-গাল্লাবী হতে তিনি বিশর ইবনু মিহরান হতে তিনি শুরায়িক ইবনু আবদিব্লাহ হতে তিনি শাবীব ইবনু গারকাদাহ হতে তিনি আল-মুসতায়িল ইবনু হুসায়েন হতে ... বর্ণনা করেছেন।

অতঃপর তিনি শাইবাহ ইবনু না'আমাহ হতে তিনি ফাতিমাহ বিনতু হুসাইন হতে তিনি ফাতিমাহ আল-কুবরা হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ প্রথম সূত্রটি একেবারে দুর্বল। শুরায়িক আল-কাযী দুর্বল। আর বিশর ইবনু মিহরান সম্পর্কে ইবনু আবী হাতিম বলেনঃ আমার পিতা তার হাদীছ পরিত্যাগ করেছেন। মানবী হায়ছামীর অনুসরণ করে এর দ্বারাই হাদীছটির সমস্যা বর্ণনা করেছেন। তাদের উভয়ের নিকটেই লুক্কায়িত রয়ে গেছে যে, হাদীছটির সনদে মুহাম্মাদ ইবনু যাকারিয়া আল-গাল্লাবী রয়েছেন। অথচ তিনি মিথ্যুক।

তবে দ্বিতীয় সূত্রটি এর চেয়ে উত্তম। কারণ শাইবাহ ইবনু না'আমাহকে ইয়াহইয়া ইবনু মাজিন দুর্বল আখ্যা দিয়েছেন। আর ইবনু হিব্বান (১/৩৫৮) বলেছেনঃ তিনি আনাস (রাঃ) হতে এমন হাদীছ বর্ণনা করেছেন যা তার হাদীছের সাথে সাদৃশ্যপূর্ণ নয়। তিনি নির্ভরযোগ্যদের থেকে সে সব হাদীছ বর্ণনা করেছেন যেগুলো তাদের হাদীছ বিরোধী। তার দ্বারা দলীল গ্রহণ করা জায়েয নয়।

অতঃপর তার নিকট বিষয়টি অস্পষ্ট হয়ে গেলে তিনি তাকে নির্ভরযোগ্যদের মধ্যেও উল্লেখ করেছেন। তবে নির্ভরযোগ্য হচ্ছে এই যে, তিনি দুর্বল। হায়ছামী (৯/১৭৩) বলেনঃ শাইবাহর দ্বারা দলীল গ্রহণ করা জায়েয না।

মানবী বলেনঃ হাদীছটি ইবনুল জাওয়ী "আল-আহাদীছুল ওয়াহিয়াহ" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ হাদিসটি সহীহ নয়। মুসান্নিফ (সুয়ূতী) কর্তৃক হাসান বলা সঠিক না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71681>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন